



বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

১০০৫
১৫/০৯/২০২৫
২৬/০৯/২০২৫

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৪৮৮

তারিখ: ১৫/০৯/২০২৫

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ে online এর মাধ্যমে ভর্তির আবেদন, ফল প্রকাশ, নিশ্চায়ন ও কলেজে ভর্তির সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের প্রেক্ষিতে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online এর মাধ্যমে ভর্তির লক্ষ্য সময়সীমা বৃদ্ধি করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট: (<https://www.xiclassadmission.gov.bd>) তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ০৫(পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০(দশ) টি কলেজে আবেদন করতে হবে।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে online এর মাধ্যমে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে:

- ১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করে কলেজ সিলেকশন পায়নি;
- ২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে পারেনি কিংবা নিশ্চায়ন করতে পারেনি;

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে online এর মাধ্যমে ভর্তির জন্য নিম্নোক্ত বর্ধিত সময়সূচি অনুসরণ করতে হবে:

ক্রমিক	বিষয়	তারিখ
১	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন গ্রহণ	২১/০৯/২০২৫ (রবিবার) থেকে ২২/০৯/২০২৫ (সোমবার রাত ১০:০০ টা পর্যন্ত)
২	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	২৪/০৯/২০২৫ (বুধবার রাত ৮:০০ টায়)
৩	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন	২৫/০৯/২০২৫ (বৃহস্পতিবার) থেকে ২৬/০৯/২০২৫ (শুক্রবার রাত ৮:০০ পর্যন্ত)
৪	কলেজে ভর্তি	২৮/০৯/২০২৫ (রবিবার) থেকে ২৯/০৯/২০২৫ (সোমবার পর্যন্ত)

বিষয়ঃ উল্লেখ্য, “২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৫” অনুসরণপূর্বক অনলাইন ব্যতীত ম্যানুয়ালী কোন ভর্তি করা হবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অবহিত করা যাচ্ছে।

A. Kabir

15.9.2025

প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির

সভাপতি

বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

ও

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।